দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 25 APR 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

# অবৈধভাবে ক্যাম্পাস পরিচালনাকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা

-------------- শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, যেসব বিশ্ববিদ্যালয় অবৈধভাবে ক্যাম্পাস পরিচালনা করছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। রবিবার প্রাইম ইউনিভার্সিটির দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এ সমাবর্তন হয়।

এতে সমাবর্তন বক্তা ছিলেন বিশিষ্ট শিক্ষাবিদ ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান।

সমাবর্তনে প্রাইভেট বিশ্ববিদ্যালয় অ্যাসোসিয়েশনের সভাপতি শেখ কবির হোসেন, প্রাইম ইউনিভার্সিটি ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান প্রকৌশলী তৌহিদুর রহমান, সিনিয়র ভাইস চেয়ারম্যান আশ্রাফ আলী, উপাচার্য অধ্যাপক আবদুস সোবহান, উপ-উপাচার্য অধ্যাপক ড. আবুল হোসেন সিকদার বক্তব্য রাখেন। অনুষ্ঠানে আড়াই হাজার শিক্ষার্থীকে সনদপত্র দেয়া হয়। এছাড়া ১৬ শিক্ষার্থী স্বর্ণপদক লাভ করেন।